# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩১৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৭. নবী (ﷺ) এর বক্তব্য— উভয় কান মাথার অন্তর্ভুক্ত

بَابُ مَا رُوِيَ مِنْ قَوْلِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ أَيُّوبَ الْمُعَدِّلُ بِالرَّمْلَةِ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ وُهَيْبٍ الْغَزِّيُّ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَبِي السَّرِيِّ ، نَا عَبْدُ الرَّزَّاقِ ، عَنْ عُبَيْدِ اللَّهِ ، عَنْ نَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ " . كَذَا قَالَ عَبْدُ الرَّزَّاقِ : عَنْ عُبَيْدِ اللَّهِ ، وَرَفْعُهُ أَيْضًا وَهَمٌ ، وَرَوَاهُ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَاضِي غَزَّةَ ، عَنِ ابْنِ أَبِي السَّرِيِّ ، عَنْ عَبْدِ الرَّزَّاقِ ، عَنِ الثَّوْرِيِّ ، عَنْ عُبَيْدِ اللَّهِ ، وَرَفْعُهُ أَيْضًا وَهَمٌ ، وَوَهِمَ فِي ذِكْرِ الثَّوْرِيِّ ، وَإِنَّمَا رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَخِي عُبَيْدِ اللَّهِ ، عَنْ نَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ عَنْهُ مَوْقُوفًا

বাংলা

৩১৭(৩)। মুহাম্মাদ ইবনে উমার ইবনে আইউব (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'উভয় কান মাথার অন্তর্ভুক্ত'। অনুরূপভাবে আবদুর রাযযাক উবায়দুল্লাহ থেকে বর্ণনা করেন। এই সূত্রেও মারফুরূপে বর্ণিত হওয়ার বিষয়টি সন্দেহযুক্ত। গাযার বিচারপতি ইসহাক ইবনে ইবরাহীম-ইবনে আবুস সারী-আবদুর রাযযাক-সুফিয়ান সাওরী-উবায়দুল্লাহ (রহঃ) থেকে এই হাদীস বর্ণনা করেন। এই হাদীস এই সূত্রেও মারফুরূপে বর্ণিত হওয়ার বিষয়টি সন্দেহযুক্ত। সুফিয়ান আস-সাওরীর উল্লেখের কারণে তা সন্দেহযুক্ত হয়েছে। এই হাদীস আবদুর রাযযাক-উবায়দুল্লাহর ভাই আবদুল্লাহ ইবনে উমার-নাফে-ইবনে উমার (রাঃ) সূত্রে মাওকুফরূপে বর্ণিত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন